

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
 সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
 বিআরটিসি অধিশাখা
www.rthd.gov.bd

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন দৈনন্দিন বাস সার্ভিস পরিচালনায় সহায়ক ব্যক্তি/প্রতিষ্ঠান সম্পৃক্তকরণ
 নীতিমালা, ২০১৮ এর খসড়া চুড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
তারিখ	:	০৭-১-২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	০৩ : ০০ ঘটিকা
স্থান	:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সভাকক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই বিআরটিসি কর্তৃক প্রদীপ্ত দৈনন্দিন বাস সার্ভিস পরিচালনায় সহায়ক ব্যক্তি/প্রতিষ্ঠান সম্পৃক্তকরণ নীতিমালা, ২০১৮ উপস্থাপনের জন্য বিআরটিসি'র চেয়ারম্যানকে অনুরোধ জানান।

০২। চেয়ারম্যান, বিআরটিসি বলেন যে, বিআরটিসি বহরে বর্তমানে ৮২৬টি গাড়ী দৈনন্দিন পরিচালনা করা হচ্ছে। অচিরেই এ সংখ্যা আরও বৃদ্ধি পেতে চলছে। তিনি বলেন, কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি, লোকসান হ্রাস, যাত্রীসেবা প্রসার ও উন্নতকরণ এবং বিআরটিসি'র পরিবহন সেবা সার্ভিসকে একটি সুশৃঙ্খল নিয়ম নীতির মধ্যে পরিচালনা করার জন্য “বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন দৈনন্দিন বাস সার্ভিস পরিচালনায় সহায়ক ব্যক্তি/প্রতিষ্ঠান সম্পৃক্তকরণ নীতিমালা, ২০১৮” প্রণয়ন করা হয়েছে। ইতোপূর্বে একটি অস্থায়ী নীতির আলোকে ২০০৮ হতে ২০১৩ সাল পর্যন্ত বিআরটিসি'র সার্ভিস কার্যক্রম পরিচালনা করা হতো। বিআরটিসির গাড়ী পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন পরিবহন মালিক সমিতির সাথে প্রায়শই সাংঘর্ষিক অবস্থা পরিস্কৃত হয়। এতে কর্পোরেশনের গাড়ীর রঞ্চ নির্ধারণে নানামূর্খী জটিলতার সমূর্খীন হতে হয়। বিভিন্ন পরিবহন মালিক সমিতির সাথে সমন্বয় করার ক্ষেত্রে বিআরটিসি'কে কিছু কিছু ক্ষেত্রে Hidden cost বহন করতে হয়। তাছাড়া বিভিন্ন স্বার্থাবেষী মহল বিআরটিসি'র গাড়ী নতুন রুটে চলাচলে বাধা প্রদান করে। এ সকল সমস্যা দূরবৃত্ত করার লক্ষ্যে “বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন দৈনন্দিন বাস সার্ভিস পরিচালনায় সহায়ক ব্যক্তি/প্রতিষ্ঠান সম্পৃক্তকরণ নীতিমালা/গাইড লাইন ২০১৮” প্রণয়ন করা প্রয়োজন। এছাড়া বিআরটিসি'র টিকেট বিক্রির জন্য কোন টিকেট সেলার না থাকায় কর্পোরেশনের স্বার্থ বিষ্মিত হচ্ছে মর্মে তিনি জানান।

০৩। সঁভায় হাইওয়ে পুলিশের প্রতিনিধি বলেন, বিআরটিসি একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। সেবার দিকটা এখানে মুখ্য হিসেবে বিবেচনা করতে হবে। লীজের মাধ্যমে বিআরটিসি'র সার্ভিস পরিচালনা করা হলে অনেক ক্ষেত্রে ইমার্জেন্সীর সময় বিআরটিসি'র সেবা পাওয়া যায় না। জনস্বার্থ ও সেবামূলক সার্ভিস নিশ্চিত করার জন্য বিআরটিসি'র সার্ভিস সরকারি ভাবে পরিচালনা করতে হবে।

০৪। ডিএমপি প্রতিনিধি বলেন, বিআরটিসি'র গাড়ীগুলো ব্যক্তিমালিকানাধীন ব্যবস্থাপনায় পরিচালনা করা হয় বলে নানাবিধ সমস্যা হচ্ছে। ব্যক্তিমালিকানাধীন ব্যবস্থাপনা থাকায় অনেক সময় আইনগত ব্যবস্থা নিতে অসুবিধা হয় এবং সার্ভিসও সঠিক ভাবে পাওয়া যায় না। কাগজপত্রের সঠিকতা, ডুয়া ডাইভিং লাইসেন্সের আধিক্যতা ইত্যাদি নিয়ে প্রতিনিয়ত সমস্যার সমূর্খীন হতে হয়। বেসরকারি পরিবহন মালিক সমিতিসমূহ এ ধরণের লীজ সিস্টেমের বিরোধিতা করে থাকে। তিনি কর্পোরেশনের গাড়ীগুলো সরকারীভাবে পরিচালনা করার পরামর্শ প্রদান করেন। তিনি আইন শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে সহজে পদক্ষেপ গ্রহণ করার স্বার্থে ডিপো থেকে গাড়ি পরিচালনার পরামর্শ দেন।

০৫। বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশনের চেয়ারম্যান, জনাব ফারুক তালুকদার সোহেল বলেন, বিআরটিসি'র সার্ভিস পরিচালনায় মূলতঃ অস্বত্ত্বকর প্রতিযোগিতা চলছে। এ অস্বত্ত্বকর প্রতিযোগিতা আমাদের সড়ক

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নিরাপত্তার জন্য হমকি স্বরূপ। টিকেট বিক্রি থেকে শুরু করে সর্বক্ষেত্রে বিআরটিসি'র সক্ষমতা নেই বললেই চলে। এক্ষেত্রে প্রাইভেট সেক্টর অনেক উন্নত সেবা প্রদান করছে। বর্তমানে প্রাইভেট সেক্টরে অন-লাইন সিস্টেম চালু হয়েছে। এমনকি মোবাইল এ্যাপস এর মাধ্যমেও প্রাইভেট সেক্টর সেবা প্রদান করছে। বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধির জন্য বিআরটিসি প্রাইভেট কোম্পানীগুলোর পরামর্শ গ্রহণ করতে পারে। তিনি এ বিষয়ে KSRTC (Karnataka State Road Transport Corporation) এর পরামর্শ গ্রহণের অনুরোধ জানান। তিনি বলেন বিআরটিসিকে যদি সত্যিকারভাবে লাভজনক সংস্থা করতে চাইলে এর সক্ষমতা বৃদ্ধি করার বিকল্প নেই।

০৬। বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব বলেন যে, গত ১০ বছরে বিআরটিসি'র পরিস্থিতির অভূতপূর্ব উন্নতি হয়েছে। স্বাভাবিক কারণেই প্রাইভেট সেক্টরের সাথে কিছুটা প্রতিদ্বন্দ্বিতা রয়েছে। ইতোপূর্বে বিআরটিসি'কে নিয়ে নানারকম আন্দোলন হতে যা নিরসনে পরিবহন মালিক সমিতি সহায়তা করেছে। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন বিআরটিসি আমাদের সম্পদ। এ সম্পদ রক্ষা করতে হবে। মালিক সমিতির সাথে এর কোন প্রতিদ্বন্দ্বিতা নেই। তিনি বলেন, টার্মিনাল হতে বিআরটিসি সার্ভিস পরিচালনা করা হলে নানা জটিলতার সৃষ্টি হয়। এ জন্য বিআরটিসি'র নিজস্ব ডিপো থেকে সার্ভিস পরিচালনা করার অনুরোধ জানান।

০৭। সভাপতি বলেন যে, বিআরটিসি'র বহরে খুব শীঘ্রই নতুন বাস আনা হচ্ছে। এগুলোর সঠিক মেইনটেনেন্স করা প্রয়োজন। বিদ্যমান ব্যবস্থাপনায় কিভাবে বিআরটিসি'র সার্ভিস পরিচালনা করা হচ্ছে এবং প্রস্তাবিত নীতিমালা/গাইড লাইনে কি কি পরিবর্তন আনা হয়েছে এবং সে পরিবর্তনগুলো আমাদের সড়ক নিরাপত্তার সাথে সামঞ্জস্যপূর্ণ কি-না তা খতিয়ে দেখা প্রয়োজন। বিআরটিসি'র নিজস্ব নিয়োগকৃত ড্রাইভার রয়েছে যারা লীজ সিস্টেমের অন্তরালে থেকে নানা বেআইনি কাজের সাথে সম্পৃক্ত থাকে। অনেক গাড়ি চালক বিআরটিসি এবং অপারেটর কোম্পানী উভয়দিক থেকে আর্থিক ভাবে লাভবান হচ্ছে যা বিআরটিসি'র স্বার্থকে বিপ্লিত করেছে। এটা নিরুৎসাহিত করতে পারলে বিআরটিসি'র গাড়ীর প্রতি চালকগণ যত্নশীল হবে। তিনি আরও বলেন, দুর পাল্লার বিআরটিসি'র গাড়ী পরিচালনায় এজেন্ট ভিত্তিক সিস্টেম চালু করলে ভাল হবে। পরিবহন মালিক সমিতি'র সাথে বিআরটিসি'র দূরত্ব কমাতে হবে। তিনি আরও বলেন যে, ঢাকা শহরে বিআরটিসি সার্ভিস কন্ট্রাক্টে পরিচালনা বৰ্ক করতে হবে। ঢাকার বাহিরে প্রাইভেট সেক্টরের সাথে বিআরটিসি'র সার্ভিস পরিচালনার জন্য একটি গাইড লাইন থাকা প্রয়োজন।

০৮। সভায় বিস্তারিত আলোচনার পর সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ঢাকার বাহিরে বিআরটিসি'র আন্তঃ জেলা বাস/ট্রাক সার্ভিস পরিচালনার জন্য একটি গাইড লাইন প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে।	চেয়ারম্যান, বিআরটিসি
২:	ঢাকা শহরে বিআরটিসি'র সার্ভিস পরিচালনার ক্ষেত্রে কন্ট্রাক্টের মাধ্যমে তৃতীয় পক্ষকে সম্পৃক্ত করা যাবে না। বিআরটিসি নিজস্ব ব্যবস্থাপনায় এ সার্ভিস পরিচালনা করবে।	চেয়ারম্যান, বিআরটিসি

০৯। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নজরুল ইসলাম)

সচিব

নম্বর-৩৫.০০.০০০০.০১৩.০৬.০০৮.১৬-২৮৬

তারিখ: ১৫-১১-২০১৮

বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা {দ্র. আ. যুগ্ম কমিশনার (ট্রাফিক-উত্তর)}, ডিএমপি
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা
০৭. চেয়ারম্যান, বিআরটিসি, ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
০৮. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা
১০. ডিআইজি হাইওয়ে পুলিশ (দ্র. আ. এসপি হাইওয়ে পুলিশ), গাজীপুর
১১. মহাব্যবস্থাপক, (প্রশাস্ত ও পার্সোনাল), বিআরটিসি, ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
১২. মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ঢাকা
১৩. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ঢাকা
১৪. চেয়ারম্যান, বাংলাদেশ বাস ট্রাক ও ওনার্স এসোসিয়েশন, গাবতলী, ঢাকা

অনুলিপি (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়): (জ্ঞাতার্থে/কার্যার্থে)

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)








১৫/১১/২০১৮

(ড. মোঃ কামরুল আহসান)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫১৩৩৩৮

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন দৈনন্দিন বাস সার্ভিস পরিচালনায় সহায়ক ব্যক্তি/প্রতিষ্ঠান সম্পৃক্তকরণ নীতিমালা, ২০১৮ এর খসড়া চুড়ান্তকরণের লক্ষ্যে অন্য ০৭-১১-২০১৮ তারিখ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সভাপতিত্বে এ বিভাগের সভা কক্ষে (কক্ষ নম্বর-৮২১, ভবন নম্বর-৭, বাংলাদেশ সচিবালয়) একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকায় সদয় স্বাক্ষরের জন্য:

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	বিভাগ/দপ্তর/ সংস্থার নাম ও স্বাক্ষর	মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর
০১	মফিফুল ইমামুল হক জেটি: মাটিবি		০১৭১১৮০৪৯০
০২	মোঃ আব্দুল জালেক জেটি: মাটিবি		০১৭৩০-৭৮২৯৪৬
০৩	মানিশ কুমার বাবু জেটি: মাটিবি		০১৭১২২৫৮৩৫৯
০৪	জুফি রেওয়ানে এলাহী জেটি: মাটিবি		০১৭২৬-৮৯৩৮৫১ elahi.5595@gmail.com
০৫	মো: আব্দুজ্জাফর ইয়েলামুল হক জেটিরিজি: মাটিবি		০১৭১৩৪৩১৭৩৭ aiikhans62@yahoo.com
০৬	সুক মেহেমদ রহমান পুস্তক মাটিবি		
০৭	মনিদ্র কিশোর কুমার জেটি: RTHD	 ০৭.১১.১৬	manindra.kishore4 @gmail.com
০৮	মো: মেনেকু আলী- জেটি, মাটি (অপারেটর) মাটি		০১৭১৬৭৮২৫৯৫
০৯	মেনেকু আলী- জেটি, RTHD -		০১৭১০৬৯৩২৯,

সম্পৃক্তকরণ নীতিমালা, ২০১৮ এর খসড়া চুড়ান্তকরণের লক্ষ্যে অদ্য ০৭-১১-২০১৮ তারিখ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সভাপতিত্বে এ বিভাগের সভা কক্ষে (কক্ষ নম্বর-৮২১, ভবন নম্বর-৭, বাংলাদেশ সচিবালয়) একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকায় সদয় স্বাক্ষরের জন্য:

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	বিভাগ/দপ্তর/ সংস্থার নাম ও স্বাক্ষর	মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর
১০	ড. ফরুক খেলজুড়- কলামুর্রে	গণপ্রজাতন্ত্রী মিল	০১৮১২০৭১০৩ farookkhan12@yahoo.com
১১	কেশু প্রয়োগ প্রোডেভন প্রাইভেট লিমিটেড,	কেশু প্রয়োগ প্রোডেভন প্রাইভেট লিমিটেড	০১৮৮৪১২৭
১২	মো: শফিকুল্লাহ ইসলাম পর্স. সি ২১২৩০২ গাঁথুরু	ইসলাম প্রাইভেট লিমিটেড	০১৮৬৯৬৯০৮৪৩ c.shafique@yahoocom
১৩	মোসলেহ উল্লিন আজমদ বুম ফার্মিকেনার (চুরিফের্ডে), DMP		০১৮১৩৩৭৩১০৬ mosleh95@gmail.com
১৪	মো: ২০১৫২৯ ঢাক্কার প্রদেশ প্রয়োগ প্রক্রিয়ান, কেশু প্রয়োগ	মো: ২০১৫২৯ প্রয়োগ প্রক্রিয়ান	০১৮১১৫২৬৩৪১
১৫	বিদ্যুৎ বিনামূল প্রোগ্রাম মাইক্রো	বিদ্যুৎ বিনামূল প্রোগ্রাম মাইক্রো	০১৮১১৫২৬৯৫৩
১৬			
১৭			
১৮			